



ইরান-যুক্তরাষ্ট্র সমঝোতায় জেনেভা যাচ্ছেন মার্কিন ভাইস প্রেসিডেন্ট



মার্কিন ভাইস প্রেসিডেন্ট ভ্যাম্প। ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে চলমান কূটনৈতিক আলোচনায় নতুন অগ্রগতির ইঙ্গিত মিলেছে। মার্কিন সংবাদমাধ্যম দ্য ওয়াল স্ট্রিট জার্নাল জানিয়েছে, সম্ভাব্য সমঝোতা স্মারক স্বাক্ষরের প্রক্রিয়ায় অংশ নিতে ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্সের জেনেভা সফরের সম্ভাবনা রয়েছে।

প্রতিবেদনে বলা হয়েছে, ইরানের পারমাণবিক কার্যক্রম ঘিরে কয়েকটি শর্ত পূরণ হলে তেহরানের ওপর আরোপিত কিছু নিষেধাজ্ঞা শিথিল করার পথ খুলতে পারে। বিষয়টি সম্ভাব্য সমঝোতার গুরুত্বপূর্ণ অংশ হিসেবে বিবেচিত হচ্ছে।

সংশ্লিষ্ট সূত্রগুলোর মতে, সমঝোতা স্বাক্ষরের পরও কয়েকটি কারিগরি বিষয় নিয়ে আলোচনা চালিয়ে যেতে হতে পারে। এ জন্য ভবিষ্যতে ইসলামাবাদে আরেক দফা বৈঠক আয়োজনের সম্ভাবনাও উড়িয়ে দেওয়া হচ্ছে না।

এদিকে হরমুজ প্রণালীর নিরাপত্তা পরিস্থিতি নিয়েও ওয়াশিংটনের উদ্বেগ রয়েছে। এ বিষয়ে আন্তর্জাতিক সমন্বয় বাড়াতে বিভিন্ন দেশের নেতাদের সঙ্গে আলোচনা করতে আগ্রহী মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

প্রতিবেদনে আরও উল্লেখ করা হয়, সম্প্রতি সংশোধিত একটি খসড়া প্রস্তাব নিয়ে কাতারি প্রতিনিধিদের তেহরান সফর থেকে ফেরাকে আলোচনার অগ্রগতির ইতিবাচক ইঙ্গিত হিসেবে দেখা হচ্ছে।